তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ২ ... কলাম ২

দৈনিক আমাদের সময়

রাবি শিক্ষিকার আত্মহত্যা

# প্ররোচনার মামলায় সহকর্মী গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ● রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) সহযোগী অধ্যাপক আকতার জাহানের আত্মহত্যায় প্ররোচনার মামলায় তার এক সহকর্মীকে জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার দেখিয়ে জেলহাজতে পাঠিয়েছে পুলিশ। গতকাল শনিবার বিকাল ৫টার দিকে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে বলে জানান মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের সহকারী কমিশনার আল আমীন। গ্রেপ্তারকৃত শিক্ষক আতিকুর রহমান রাজা একই বিভাগের সহকারী অধ্যাপক এবং বিশ্ববিদ্যালয়ের সাবেক সহকারী প্রক্টর।

নগর ডিবি পুলিশের ওই কর্মকর্তা জানান, বৃহস্পতিবার সন্ধ্যায় আতিকুর রহমান রাজাকে নগরীর তালাইমারী এলাকা থেকে আকতার জাহান জলির 'আত্মহত্যার' বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছিল। আকতার জাহানের ফোনরেকর্ড ও এসএমএস যাচাই-বাছাই করে আতিকুর রহমানের সঙ্গে ঘনিষ্ঠতার প্রমাণ পায় পুলিশ। আটকের পর তাকে জিজ্ঞাসাবাদ করে আকতার এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

## প্ররোচনার মামলায়

(শেষ পৃষ্ঠার পর) জাহানের সঙ্গে নিয়মিত যোগাযোগ ও সম্পর্কের টানাপড়েনের বিভিন্ন তথ্য পাওয়া গেছে বলে জানান তিনি।

পুলিশ সূত্রে জানা গেছে, আতিকুর রহমান আকতার জাহানের মানসিক অবস্থা সম্পর্কে জানতেন। তাদের মধ্যে ঘনিষ্ঠতা ছিল। তিনি চাইলে আকতার জাহানকে আত্মহত্যা থেকে নিবৃত্ত করতে পারতেন।

উল্লেখ্য, গত ৯ সেপ্টেম্বর রাবির জুবেরি ভবনের নিজ কক্ষ থেকে আকতার জাহানের লাশ উদ্ধার করা হয়। পরে ওই ঘরে একটি চিরকুট পাওয়া গেছে, যেখানে 'আত্মহত্যার' কথা জানিয়ে 'কেউ দায়ী নয়' বলে উল্লেখ করা হয়। লাশ উদ্ধারের পরদিন আকতার জাহানের ভাই কামরুল হাসান আত্মহত্যার প্ররোচনার অভিযোগে অজ্ঞাতনামাদের আসামি করে মতিহার থানায় মামলা করেন।